



EIIN-132067

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

পূর্ব শাহী ঈদগাহ, সিলেট।

ফোন : ০৮২১-৭১২৩৩৩

web: www.sgmisc.edu.bd

E-mail-smisc.syl.bd@gmail.com



স্মারক নং: সিসমস্কুল/অ.আ/২০২১/

তারিখ : ১৮/০৮/২০২১খ্রি.

### বিজ্ঞপ্তি

২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণের লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত শিক্ষার্থীরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত ফি সমূহ আগামী ৩০/০৮/২০২১ তারিখের মধ্যে নিম্ন বর্ণিত পদ্ধতিতে প্রদান করার জন্য নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য যে, ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে আসার প্রয়োজন নেই, অনলাইনে ফি পরিশোধ করার সাথে সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ফরম পূরণ কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে।

#### ফি পরিশোধের নিয়মাবলী :

১. ফি' এর পরিমানসহ প্রত্যেক শিক্ষার্থীর মোবাইল নম্বরে একটি এস.এম.এস প্রদান করা হবে। উক্ত এস.এম.এস-এ প্রদত্ত লিংকে ক্লিক করে শিক্ষার্থীর ফি সংক্রান্ত বিস্তারিত তথ্য দেখতে পারবে এবং Pay Now অপশনে ক্লিক করে অনলাইন ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে নির্ধারিত ফি পরিশোধ করা যাবে।

২. যদি কোন শিক্ষার্থীর মোবাইল নম্বর সংক্রান্ত কোনো জটিলতার কারণে এস.এম.এস না পায় তবে সে <https://sbl.com.bd:7070/BoardFee/Fee/> এই লিংকে প্রবেশ করে এস.এস.সি পরীক্ষার রোল এবং রেজিস্ট্রেশন নম্বর প্রদান করে Check অপশনে ক্লিক করলে তার ফি সংক্রান্ত তথ্য দেখতে পারবে এবং Confirm Payment অপশনে ক্লিক করে নির্ধারিত ফি প্রদান করতে পারবে।

৩. Pay Now অথবা Confirm Payment অপশনে ক্লিক করে সার্ভারে বর্ণিত অনলাইন ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে নির্ধারিত ফি পরিশোধ করে তার একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। ভবিষ্যতে এতদ সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে উক্ত প্রিন্ট কপিসহ প্রতিষ্ঠানে/বোর্ডে যোগাযোগ করতে হবে।

১৮/০৮/২০২১

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজ  
সিলেট।